

বিষয়: ৮ টি বিভাগীয় শহরে “৫ম বাংলাদেশ রোবট অলিম্পিয়াড ২০২২” অফলাইন রোবটিক্স কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্দোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক এর যৌথ আয়োজনে “৫ম বাংলাদেশ রোবট অলিম্পিয়াড ২০২২” আয়োজিত হচ্ছে। এ বছর সারা দেশের প্রতিযোগিদের নিয়ে অফলাইনে আগামী ২৫ ও ২৬ অক্টোবর তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক মিলনায়তনে ৫ম বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের জাতীয় পর্বের মূল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, গত ২৫ সেপ্টেম্বর তারিখ থেকে এ অলিম্পিয়াডের রেজিস্ট্রেশন শুরু হয়েছে।

০২। আগামী ১২, ১৩, ১৬ ও ১৭ অক্টোবর তারিখে ৩০০ টি সংস্থায় আসনে অবস্থিত শেখ রাসেল স্কুল অফ ফিউচারে নিম্ন ছক অনুযায়ী বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের অফলাইন রোবটিক্স কর্মশালা অনুষ্ঠিত হবে। উল্লেখিত তারিখে আগনার প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ৩০ জন (৮ থেকে ১৮ বছর বয়সী) শিক্ষার্থী উপস্থিত থাকবে। সকাল ১০ টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত এই অফলাইন রোবটিক্স কর্মশালা চলবে। এ সময়ে বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের প্রশিক্ষককূন্ড সরাসরি ভেন্যুতে এসে হাতে-কলমে রোবটিক্স নিয়ে প্রশিক্ষণ দিবেন। প্রশিক্ষণ চলাকালীন ল্যাবের ইন্টারনেট সংযোগ, ল্যাবে বিদ্যমান কম্পিউটার সমূহ এবং মাল্টিমিডিয়া প্রোজেক্টর ব্যবহার করার প্রয়োজন হবে।

ক্রম	এক্সিভেশনের তারিখ	বিভাগ	ভেন্যু
১.		রংপুর	বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ (ইংরেজি ভাসন)
২.	১২ অক্টোবর ২০২২, বুধবার	ঢাকা	ঢাকা সেন্ট্রাল গার্লস হাইস্কুল
৩.		সিলেট	রসময় মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়
৪.		রাজশাহী	সিংড়া দমদমা পাইলট স্কুল এন্ড কলেজ
৫.	১৩ অক্টোবর ২০২২, বৃহস্পতিবার	খুলনা	খুলনা জিলা স্কুল
৬.		ময়মনসিংহ	মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়
৭.		ঢাকা	খিলগৌ গার্লস স্কুল এন্ড কলেজ
৮.	১৬ অক্টোবর ২০২২, রবিবার	বরিশাল	বানরাজিপাড়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়
৯.		চট্টগ্রাম	পাথরঘাটা বালিকা উচ্চ বিদ্যালয়
১০.	১৭ অক্টোবর ২০২২, সোমবার	ঢাকা	বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ

০৩। উক্ত অলিম্পিয়াডের এক্সিভেশন প্রোগ্রাম, কর্মশালা ও জাতীয় পর্ব আয়োজন, আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য দুই মাস ব্যাপী অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ শেষে আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াডের বাংলাদেশ দল নির্ধারণ করা হবে। উক্ত দল থাইল্যান্ডের ফুকেট শহরে অনুষ্ঠিত ব্য ২৪ তম আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াড এ অংশগ্রহণ করবেন।

০৪। এমতাবস্থায়, এক্সিভেশনের দিন আগনার প্রতিষ্ঠানের “শেখ রাসেল স্কুল অফ ফিউচার ল্যাব” খোলা রাখাসহ ৩০ জন শিক্ষার্থী উপস্থিত নিশ্চিত করণ এবং কর্মশালা আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ মোস্তফা কামাল

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ফোন (অফিস): +৮৮০ ২৪১ ০২৪০৭২

ইমেইল: dg@doict.gov.bd

#### প্রধান শিক্ষক/অধ্যক্ষ

.....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব (২য় পর্যায়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- পরিচালক (অর্থ ও প্রশাসন) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- জেলা প্রশাসক (সকল)।
- মাননীয় প্রতিমন্ত্রী একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিবের মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- জেলা শিক্ষা অফিসার (সকল)।
- প্রোগ্রামার (সকল)
- সহকারি প্রোগ্রামার (সকল)
- উপজেলা শিক্ষা অফিসার (সকল)।
- সভাপতি, বাংলাদেশ রোবট অলিম্পিয়াড
- সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- অফিস কপি।